

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd
iaudhaka@gmail.com



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা./ইউজিসি/২০১৫/ ২৬৫৩

তারিখঃ ০৬ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ
১৯ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানে ইসলামী ছাত্রী সংস্থার কার্যক্রম বন্ধ করণ প্রসঙ্গে।

সূত্র : শিম/শাঃ১৮/ইঃআঃবিঃ-৩/২০১৪/৩০৫ তারিখ : ১৯/০৯/২০১৬ খ্রি.

জনাব,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত ফায়িল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি ইসলামী ছাত্রী সংস্থা নামে একটি ছাত্রী সংগঠন কোন কোন প্রতিষ্ঠানে ছাত্রী ও সরলমনা ধর্মভীরু মহিলাদের জিহাদে অংশগ্রহণসহ প্রচলিত সংবিধানের বাইরে সমাজ প্রতিষ্ঠা করা তথা দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির হীনলক্ষ্যে জিহাদী মনোভাবাপন্ন করে তোলার অপচেষ্টা করছে মর্মে জানা যায়। অনতিবিলম্বে এই অপচেষ্টা বন্ধ করা প্রয়োজন।

বর্ণিতাবস্থার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসায় অনুরূপ কর্মকান্ড যাতে না ঘটে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


১৯/৪/২০১৭
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

সকল ফায়িল ও কামিল মাদরাসা।

অনুলিপি :

- ১। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। অফিস নথি।